আরও ২০ লাখ ডোজ টিকা আসছে আজ

আজ সোমবার বাংলাদেশে আসছে আরও ২০ লাখ টিকা। সরকারের সঙ্গে চুক্তি অনুযায়ী ভারতের সেরাম ইনস্টিটিউট থেকে এসব টিকা আনছে বেক্সিমকো ফার্মা।

সোমবার রাত ১১টা ১০ মিনিটে ভারতের স্পাইজেড বিমানের একটি ফ্লাইটে এই টিকা আসবে বলে বেক্সিমকো ফার্মা সূত্র জানিয়েছে।

এর আগে গত ২০ জানুয়ারি ভারত সরকারের উপহার হিসেবে দেওয়া ২০ লাখ ডোজ টিকা প্রথম দেশে আসে। পরে ২৫ জানুয়ারি চুক্তির আওতায় আসে ৫০ লাখ ডোজ টিকা। তবে সরকারের সঙ্গে চুক্তি অনুযায়ী প্রতি মাসে ৫০ লাখ ডোজ টিকা আসার কথা। এর মধ্যে আজ ২০ লাখ ডোজ টিকা আসছে আজ রাতে।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (টিকাদান) ডা. শামসুল হক ২০ লাখ ডোজ টিকা আসার বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন।

আশা করি, সর্বস্তরে বাংলা প্রচলন হবে: সিইসি

সরকারি সব দফতর-সংস্থার সর্বস্তরে বাংলা প্রচলনের আশাবাদ ব্যক্ত করেছেন প্রধান নির্বাচন কমিশনার কে এম নূরুল হুদা। আজ রবিবার কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য নিবেদন শেষে সাংবাদিকদের এ কথা বলেন তিনি।

প্রধান নির্বাচন কমিশনা বলেন, ‘নির্বাচন কমিশন (ইসি) ইতোমধ্যেই তাদের তিনটি নীতিমালা ইংরেজি থেকে বাংলায় করার জন্য আইন মন্ত্রণালয়ের কাছে পাঠিয়েছে। আশা করছি, দ্রুততম সময়ের মধ্যেই এই নীতিমালাগুলো ইংরেজি থেকে বাংলায় রূপান্তরিত হবে।’

‘শুধু নির্বাচন কমিশন নয়, সরকারি সব প্রতিষ্ঠান, সংস্থা তাদের নীতিমালা বাংলায় নিয়ে আসবে বলে আমি আশা করি। ইতোমধ্যেই কাজ শুরু

হয়েছে। পরিবর্তন হচ্ছে। আশা করি, সর্বস্তরে বাংলা প্রচলন হবে।’

একুশের প্রথম প্রহরে ভাষা শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন

অমর একুশে ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রথম প্রহরে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পক্ষ থেকে মহান ভাষা আন্দোলনের বীর শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেছেন।

রাত ১২টা ১টি মিনিটে প্রথমে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদের পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম এবং এর পরপরই প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে তাঁর সামরিক সচিব মেজর জেনারেল নকিব আহমদ চৌধুরী শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ শেষে দুই সামরিক সচিব সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে থেকে ভাষা শহীদদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর পর স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর পক্ষ থেকে এক উচ্চ পর্যায়ের কর্মকর্তা শহীদ বেদীতে পুষ্পস্তবক অর্পণ করেন। এরপর আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনার পক্ষ থেকে সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের দলের সিনিয়র নেতাদের সঙ্গে নিয়ে দলের পক্ষ থেকে শহীদ মিনারে পুনরায় পুষ্পস্তবক অর্পণ করেন।

এরপর জাতীয় সংসদের বিরোধী দল জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদের দলীয় নেতাদের নিয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

মতলবে পর্যটনকেন্দ্রে গুলি: মায়ার ছেলের বিরুদ্ধে মামলা

মোহনপুর পর্যটনকেন্দ্র দখল নিতে সশস্ত্র সন্ত্রাসীদের নিয়ে হামলা ও গুলি ছোড়ার অভিযোগে আওয়ামী লীগের কেন্দ্রীয় নেতা ও সাবেক মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী মায়ার বড় ছেলে সাজেদুল হোসেনের বিরুদ্ধে মামলা হয়েছে। এ মামলায় সাজেদুল হোসেন ওরফে দীপু চৌধুরী ছাড়াও আরও ১৮ জনকে আসামি করা হয়েছে।

গত বুধবার (১৭ ফেব্রুয়ারি) মতলব উত্তরের মোহনপুর পর্যটনকেন্দ্রের ম্যানেজার মোহাম্মদ জাকির হোসেন বাদী হয়ে চাঁদপুরের অতিরিক্তি চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোহাম্মদ হাসানের আদালতে মামলাটি করেন। অভিযোগ আমলে নিয়ে ঘটনা তদন্ত ও আলামত উদ্ধার করে প্রতিবেদন জমা দিতে মতলব উত্তর থানার ওসিকে নির্দেশ দিয়েছেন আদালত।

মামলার অন্য আসামিরা হলেন- জহিরাবাদ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি গাজী মুক্তার হোসেন, কলাকান্দা ইউপি চেয়ারম্যান সোবহান সরকার সুভা, অপু চৌধুরী, ফতেপুর পূর্ব ইউনিয়ন পরিষদের (ইউপি) চেয়ারম্যান আজমল হোসেন চৌধুরী, আহার খালাশী, শাহীন চৌধুরী, সম্রাট গাজী, আজাদ খালাশী, কুদ্দুস, ছাত্রলীগ নেতা তামজিদ সরকার রিয়াদ, খোরশেদ চৌধুরী, লিখন সরকার, হোসেন মেম্বার, মেহেদী হাসান কাজল, মামুন শিকদার, সুমন বেপারী, ইউসুফ জেলা পরিষদের সদস্য মিনহাজ উদ্দিন খান ও আক্তার সরকার।

মামলায় অভিযোগ করা হয়েছে, পর্যটনকেন্দ্রটি দখলে নিতে কিছুদিন ধরে বাদীপক্ষকে ভয়-ভীতি ও হুমকি দিয়ে আসছেন দীপু চৌধুরী। এরই ধারাবাহিকতায় ১২ ফেব্রুয়ারি আসামিরা অর্ধশত সন্ত্রাসীসহ বেআইনি শর্টগান, বন্দুক, পিস্তল, রিভলবার ইত্যাদিসহ অতর্কিত পর্যটনকেন্দ্রের সামনে হাজির হন। এ সময় পর্যটনকেন্দ্রের মালিকসহ কয়েকজনকে হত্যার উদ্দেশে খুঁজতে থাকেন তারা। একপর্যায়ে আসামিরা গুলি ছোড়েন। শব্দ শুনে এলাকার লোকজন এগিয়ে এলে আসামিরা গুলি ছুড়তে ছুড়তে ঘটনাস্থল ত্যাগ করেন।

মতলব থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহজাহান কামাল সাংবাদিকদের জানান, মোহনপুর পর্যটনকেন্দ্র থেকে ছয়টি গুলির

খোসা জব্দ করা হয়েছে। এ ঘটনায় কারা জড়িত, তা তদন্ত করা হচ্ছে। গুলির খোসা জব্দের ঘটনায় একটি সাধারণ ডায়েরি করেছে পুলিশ।

একুশে পদক পেলেন ২১ গুণী নাগরিক

দেশের ২১ জন বিশিষ্ট নাগরিক বিভিন্ন ক্ষেত্রে অবদানের জন্য ২০২১ সালে একুশে পদক পেয়েছেন। আজ শনিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে তাদের হাতে এই পদক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত ছিলেন। এতে প্রধানমন্ত্রীর পক্ষে পদক তুলে দেন মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক।

চলতি বছর ভাষা আন্দোলনে তিনজন, মুক্তিযুদ্ধ ক্যাটাগরিতে তিনজন, শিল্পকলায় সাতজন, ভাষা ও সাহিত্যে তিনজন এবং সাংবাদিকতা, শিক্ষা, গবেষণা, অর্থনীতি ও সমাজসেবায় একজনকে একুশে পদক দেওয়া হয়েছে।

২১ বিশিষ্ট ব্যক্তি হলেন- ভাষা আন্দোলনের জন্য মোতাহার হোসেন তালুকদার (মোতাহার মাস্টার-মরণোত্তর), শামছুল হক (মরণোত্তর) ও আফসার উদ্দীন আহমদ (মরণোত্তর)।
শিল্পকলায় পাপিয়া সারোয়ার (সংগীত), রাইসুল ইসলাম আসাদ (অভিনয়), সালমা বেগম সুজাতা (অভিনয়), আহমেদ ইকবাল হায়দার (নাটক), সৈয়দ সালাউদ্দিন জাকী (চলচ্চিত্র), ড. ভাস্বর বন্দ্যোপাধ্যায় (আবৃত্তি), পাভেল রহমান (আলোকচিত্র)।

মুক্তিযুদ্ধে গোলাম হাসনায়েন, ফজলুর রহমান খান ফারুক, বীর মুক্তিযোদ্ধা মরহুমা সৈয়দা ইসাবেলা (মরণোত্তর)। এ ছাড়া, সাংবাদিকতায় একুশে পদক পাচ্ছেন অজয় দাশগুপ্ত, গবেষণায় ড. সমীর কুমার সাহা, শিক্ষায় মাহফুজা খানম, অর্থনীতিতে ড. মির্জা আব্দুল জলিল, সমাজসেবায় প্রফেসর কাজী কামরুজ্জামান, ভাষা ও সাহিত্যে কবি কাজী রোজী, বুলুবুল চৌধুরী ও গোলাম মুরশিদ।

এলাকার জনঘনত্ব ও যোগাযোগব্যবস্থার ভিত্তিতে ভবনের উচ্চতা নির্ধারণ-এলজিআরডি মন্ত্রী

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং ড্যাপ রিভিউ কমিটির আহ্বায়ক মো. তাজুল ইসলাম বলেছেন, রাজধানীতে এলাকার জনঘনত্ব ও যোগাযোগ ব্যবস্থার ভিত্তিতে ভবনের উচ্চতা নির্ধারণ করা হবে। স্থপতি, নগর পরিকল্পনাবিদ এবং বেসরকারি আবাসন খাত সংশ্লিষ্টসহ অন্যান্য অংশীজনের সঙ্গে আলোচনা সাপেক্ষে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানান তিনি।

গতকাল মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষে ড্যাপ বাস্তবায়নের বিষয়ে রিয়েল এস্টেট অ্যান্ড হাউজিং অ্যাসোসিয়েশন-রিহ্যাব ও বাংলাদেশ ল্যান্ড ডেভেলপারস অ্যাসোসিয়েশন-বিএলডিএ-এর প্রতিনিধিবৃন্দের সঙ্গে সভায় তিনি এসব কথা বলেন।

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব মো. শহীদ উল্লাহ খন্দকারের সভাপতিত্বে সভায় স্থানীয় সরকার বিভাগের সিনিয়র সচিব হেলালুদ্দীন আহমদ, রাজউকের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মো. শফিউল্লাহ, ড্যাপের প্রকল্প পরিচালক মো. আশরাফুল ইসলাম, বসুন্ধরা গ্রুপের চেয়ারম্যান ও বিএলডিএ-এর সভাপতি আহমেদ আকবর সোবহান এবং রিহ্যাবের সভাপতি আলমগীর শামসুল আলামিনসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

তাজুল ইসলাম বলেন, আমাদের সবার উদ্দেশ্য একটাই সেটি হচ্ছে ঢাকা নগরীকে বাসযোগ্য, দৃষ্টিনন্দন ও আধুনিক করে গড়ে তোলা। আর এজন্যই ড্যাপের মতো দীর্ঘমেয়াদি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তাই ড্যাপ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সবার সহযোগিতা কামনা করেন তিনি। ড্যাপ রিভিউ কমিটির আহ্বায়ক জানান, রাজধানীতে এলাকাভিত্তিক জনঘনত্ব নির্ধারণ করে জোনভিত্তিক ভবনের উচ্চতা নির্ধারণ করা হবে। শহরের কোন অঞ্চলে কত তলা বিল্ডিং হলে মানুষ সব নাগরিক

সুযোগ-সুবিধা পাবে এবং ঢাকা একটি বাসযোগ্য, আধুনিক ও দৃষ্টিনন্দন শহরে রূপান্তরিত হবে সে অনুযায়ী সিদ্ধান্ত নেওয়া হবে।

মন্ত্রী বলেন, মানুষের চলাচলের জন্য রাস্তা ও স্কুল-কলেজ, শপিং মল, হেলথ সেন্টার, খেলাধুলার মাঠ, ওয়াটার বডি এবং সবুজায়নসহ অন্যান্য নাগরিক সুযোগ-সুবিধা নিশ্চিত করতে হবে।

এলাকাভিত্তিক হোল্ডিং ট্যাক্স, পানি, গ্যাস, বিদ্যুৎসহ অন্যান্য ইউটিলিটি সার্ভিসের চার্জ নির্ধারিত হওয়ার ওপর আবারও গুরুত্বারোপ করে স্থানীয় সরকারমন্ত্রী প্রশ্ন তুলে বলেন, অভিজাত এলাকায় বসবাসকারী এবং যাত্রাবাড়ী অথবা ওয়ারীতে বসবাসকারী মানুষ কেন সমান মূল্য বহন করবেন। এ প্রসঙ্গে তিনি বলেন, পৃথিবীর অনেক দেশেই এলাকাভিত্তিক ইউটিলিটি সার্ভিসের মূল্য নির্ধারণ করা হয়ে থাকে। এটি নিয়ে সমালোচনা হলেও এ বিষয়ে আমাদের একটি সিদ্ধান্তে উপনীত হতে হবে বলে মন্ত্রী উল্লেখ করেন।

বিজয়ীদের একুশে পদক দেওয়া হবে শনিবার

রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে আগামী শনিবার (২০ ফেব্রুয়ারি) বেলা ১১টায় একুশে পদক ২০২১ দেওয়া হবে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

আজ বৃহস্পতিবার (১৮ ফেব্রুয়ারি) সংস্কৃতি মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়েছে।

এ বছর সরকার বিভিন্ন ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে ২১ জন বিশিষ্ট নাগরিককে ২০২১ সালের একুশে পদক দেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এরা হলেন- ভাষা আন্দোলনে মরহুম মোতাহার হোসেন তালুকদার (মোতাহার মাস্টার) (মরণোত্তর), মরহুম শামছুল হক (মরণোত্তর) ও

মরহুম আফসার উদ্দিন (মরণোত্তর)। শিল্পকলা বিভাগে সঙ্গীতে পাপিয়া সরোয়ার, অভিনয়ে রাইসুল ইসলাম আসাদ, সালমা বেগম সুজাতা (সুজাতা আজিম), নাটকে আহমেদ ইকবাল হায়দার, চলচ্চিত্রে সৈয়দ সালাউদ্দিন জাকী, আবৃত্তিতে ড. ভাস্বর বন্দ্যোপাধ্যায় ও আলোকচিত্রে পাভেল রহমান।

এছাড়া মুক্তিযুদ্ধে গোলাম হাসনায়েন, ফজলুল রহমান খান ফারুক ও বীর মুক্তিযোদ্ধা মরহুমা সৈয়দা ইসাবেলা (মরণোত্তর)। সাংবাদিকতায় অজয় দাসগুপ্ত, গবেষণায় ড. সমীর কুমার সাহা, শিক্ষায় মাহফুজা খানম, অর্থনীতিতে ড. মির্জা আব্দুল জলিল, সমাজসেবায় প্রফেসর কাজী কামরুজ্জামান।

ভাষা ও সাহিত্যে এ সম্মাননা পেয়েছেন কবি কাজী রোজী, বুলবুল চৌধুরী ও গোলাম মুরশিদ।

ইশরাকের গাড়িবহর দেখেই ফেরি বন্ধ করার অভিযোগ, লঞ্চে নদী পার

সমাবেশে অংশ নিতে বরিশালে যাওয়ার পথে ইঞ্জিনিয়ার ইশরাক হোসেনের গাড়িবহর আটকে দিয়েছে ফেরি কর্তৃপক্ষ বলে অভিযোগ পাওয়া গেছে। পরে লঞ্চে করে নেতাকর্মীদের নিয়ে পদ্মা পাড়ি দেন ইশরাক। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে ৮টায় ঢাকা থেকে বরিশালের উদ্দেশে বিএনপির নেতাকর্মীদের গাড়িবহর নিয়ে রওনা হন ইশরাক। গাড়িবহর মাওয়া ফেরিঘাটে পৌঁছালে কর্তৃপক্ষ তাদের অফিস বন্ধ করে চলে যায়।

পরে লঞ্চে করে নেতাকর্মীদের নিয়ে পদ্মা নদী পার হন বহরের নেতৃত্বে থাকা বিএনপির আন্তর্জাতিক বিষয়ক কমিটির সদস্য ও সর্বশেষ ঢাকা মহানগর দক্ষিণ সিটি করপোরেশনে বিএনপির মেয়র পদপ্রার্থী ইঞ্জিনিয়ার ইশরাক হোসেন।

তিনি বিষয়টি নিয়ে গণমাধ্যমকে বলেন, ‘বরিশাল বিভাগীয় সমাবেশে অংশ

নেওয়ার জন্য আমরা ঢাকা থেকে রওনা দিয়েছি, কিন্তু মাওয়া ঘাটের কর্তৃপক্ষ নির্লজ্জভাবে আমাদের গাড়িবহর আটকে দেয়। আমাদের গাড়িবহর যাতে না যেতে পারে এ জন্য ফেরি কর্তৃপক্ষ অফিস বন্ধ করে চলে যায়। যা-ই হোক গণতন্ত্র পুনরুদ্ধারের আন্দোলনের অংশ হিসেবে কাজ করছি। আমরা আমাদের সংগ্রাম চালিয়ে যাব।’

এর আগে, সকাল ৭টায় রাজধানীর গোপীবাগ থেকে নেতাকর্মীদের নিয়ে বরিশালের উদ্দেশে যাত্রা শুরু করেন ইশরাক হোসেন। তার সঙ্গে গাড়িবহরে বিপুলসংখ্যক নেতাকর্মী ছিলেন।

আল জাজিরার সামিসহ ৪ জনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহ মামলা

বিদেশে বাংলাদেশের সরকার ও রাষ্ট্রের সুনাম ও মর্যাদার হানি ঘটানোর অভিযোগে আল জাজিরার সামিসহ চারজনের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা করা হয়েছে।

বুধবার (১৭ ফেব্রুয়ারি) ঢাকা মহানগর হাকিম আশেক ইমামের আদালতে এ আবেদন করেন বঙ্গবন্ধু ফাউন্ডেশনের সভাপতি আবদুল মালেক ওরফে মশিউর মালেক। আদালত বাদীর জবানবন্দি গ্রহণ করে মামলা গ্রহণের বিষয় আদেশ পরে দেবেন বলে জানান।

মামলার বাদী মশিউর মালেক জাগো নিউজকে এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার আসামিরা হলেন- আল জাজিরা টেলিভিশনের ডিরেক্টর জেনারেল মোস্তেফা স্যোউয়াগ, শায়ের জুলকার নাইন ওরফে সামি, নেত্র নিউজের সম্পাদক তাসনিম খলিল এবং যুক্তরাজ্য প্রবাসী ডেভিড বার্গম্যান।

চার সংগঠন নিয়ে জোট গঠন জোনায়েদ সাকি ও নূরের

চারটি সংগঠন নিয়ে জোট গঠন করেছেন গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নূর। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী একসঙ্গে পালনের ঘোষণাও দিয়েছে ওই চারটি সংগঠন।

গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি, ছাত্র-যুব ও শ্রমিক অধিকার পরিষদের সমন্বয়ক ও ডাকসুর সাবেক ভিপি নুরুল হক নুর, ভাসানী অনুসারী পরিষদের মহাসচিব শেখ রফিকুল ইসলাম বাবলু এবং রাষ্ট্রচিন্তার হাসনাত কাইয়ুম এই ঘোষণা দেন।

মঙ্গলবার (১৬ ফেব্রুয়ারি) জাতীয় প্রেস ক্লাবের তোফাজ্জল হোসেন মানিক মিয়া হলে এক সংবাদ সম্মেলনে চারটি সংগঠন তাদের কর্মসূচি ঘোষণা করে।
চার সংগঠনের গৃহীত আংশিক কর্মসূচির মধ্যে আছে – ১ মার্চ জাতীয় প্রেস ক্লাবে মুক্তিযোদ্ধা সম্মাননা, ১২ মার্চ কেন্দ্রীয় শহীদ মিনারে সুবর্ণজয়ন্তী সমাবেশ, ২৬ মার্চ স্ব-স্ব সংগঠনের উদ্যোগে স্বাধীনতা দিবস পালন, ১০ এপ্রিল স্বাধীনতার ঘোষণাপত্র দিবস পালন। এছাড়াও দেশব্যাপী বছরজুড়ে বিভিন্ন কর্মসূচি নেওয়া হবে বলে জানানো হয় সংবাদ সম্মেলনে।

সংবাদ সম্মেলনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে জোনায়েদ সাকি বলেন, ‘আমরা গণমানুষের রাজনীতি বাংলাদেশে গড়ে তুলতে চাই। তারই অংশ হিসেবে আমরা একসঙ্গে কিছু কাজ করছি। এর মধ্য দিয়ে আমরা গণমানুষের রাজনীতি এগিয়ে নিয়ে গিয়ে জনগণের নিজস্ব রাজনীতি প্রতিষ্ঠা করতে চাই।’

নুরুল হক নূর বলেন, ‘আমরা সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানাই। আমাদের যাত্রা শুরু হয়েছে, এটা চলমান থাকবে। আমাদের চিন্তার সঙ্গে যদি আরও কেউ যুক্ত হতে চায় আমরা তাদের আহ্বান জানাই আসার।’

সংবাদ সম্মেলনে আরও উপস্থিত ছিলেন ছাত্র অধিকার পরিষদের ভারপ্রাপ্ত আহ্বায়ক মুহাম্মদ রাশেদ খান, যুগ্ম আহ্বায়ক ফারুক হাসান, রাষ্ট্রচিন্তার অ্যাডভোকেট হাসনাত কাইয়ুম, ভাসানী অনুসারী পরিষদের সাধারণ সম্পাদক শেখ রফিকুল ইসলাম বাবলু প্রমুখ।